# বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
## BRTC-BRSP PIU
২১,রাজউক এভিনিউ,ঢাকা-১০০০।
www.brtc.gov.bd

BRTC.BRSP.PIU.০০.০১৮.২৬/১৬৫ তারিখ: ২৯/০৬/২০২৬

**নিয়োগ আদেশ**

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর নিম্নোক্ত প্রশিক্ষণ ইনস্টিটিউট/কেন্দ্রের অনুকূলে BRSP প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ীভাবে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য পুরুষ অপারেটর (চালক) পদে প্রদত্ত শর্ত সাপেক্ষে নিম্নবর্ণিত প্রার্থীদের নিয়োগ প্রদান করা হলো।

| ক্র.নং | আবেদন কারীর নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১. | মোঃ আনিছুর রহমান | মোঃ মোশারফ হোসেন | গ্রাম: সহদেবপুর পুখুরিয়া, পোষ্ট:টোরকী , থানা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল |
| ২. | শেখ ওসমান আলী | মৃত শেখ মোতালেব হোসেন | গ্রাম: শংকরপুর, পোষ্ট: যশোর সদর, থানা: যশোর সদর, জেলা: যশোর |
| ৩. | পারভেজ হোসেন রসু | মোঃ রেজাউল ইসলাম | গ্রাম: জামরিলডাঙ্গা, পোষ্ট: জামরিলডাঙ্গা, থানা: কালিয়া, জেলা: নড়াইল |
| ৪. | কবির | মোঃ তাজন মিয়া | গ্রাম: সংরাইশ, পোষ্ট: কুমিল্লা সদর, থানা: কুমিল্লা আদর্শ সদর, জেলা: কুমিল্লা। |
| ৫. | নুরুজ্জামান পাবেল | মোঃ মোজাম্মেল খন্দকার | গ্রাম: মধ্য তারকি, পোষ্ট: ইন্দুরিয়া, থানা: মতলব উত্তর, জেলা: চাঁদপুর । |
| ৬. | মিঠুন মিয়া | আব্দুল মালেক | গ্রাম: বিনোদপুর, পোষ্ট: মির্জানগর, থানা: মেঘনা জেলা: কুমিল্লা |

**শর্তসমূহ:**

১। প্রকল্পের নিয়ম অনুযায়ী ক্লাস পরিচালনার জন্য ক্লাস প্রতি সম্মানী ভাতা প্রাপ্ত হবেন এবং উক্ত সম্মানী ভাতা হতে সরকার কর্তৃক নির্ধারিত হারে আয়কর প্রদান করতে বাধ্য থাকবেন। জাতীয় বেতন স্কেলের কোনো আর্থিক সুবিধা বা ভাতা প্রাপ্য হবেন না।

২। দাখিলকৃত সনদপত্র/কাগজপত্রে কোনো অসংগতি পরিলক্ষিত হলে অথবা দায়িত্ব পালনে গাফিলতি, অবহেলা, অসদাচরণ কিংবা কর্মদক্ষতা অসন্তোষজনক বিবেচিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন।

৩। নিয়োগ প্রাপ্তির পর এক মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি থেকে ইস্তফা দেওয়া যাবে। অনুরূপভাবে BRTC-BRSP PIU কর্তৃপক্ষও এক মাসের নোটিশ প্রদানপূর্বক চাকরির অবসান ঘটাতে পারবেন।

৪।বর্ণিত কর্মচারীগণকে ন্যস্তকৃত ইউনিটে যোগদানের পর স্ব স্ব ইউনিট প্রধান কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও দায়িত্ব বন্টন অনুযায়ী দায়িত্ব পালন করতে হবে।

৫। আর্থিক শৃঙ্খলাবিরোধী কোনো কর্মকাণ্ড অথবা রাষ্ট্রবিরোধী কার্যকলাপের সঙ্গে জড়িত থাকলে কর্তৃপক্ষ চাকরির অবসান ঘটাতে পারবেন।

৬। পদায়ন আদেশ অনুযায়ী আগামী ০১/০৭/২০২৬ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর নামের পার্শ্বে উল্লেখিত প্রশিক্ষণ ইনস্টিটিউট/কেন্দ্রের ইউনিট প্রধান, বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

৭। যোগদান পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।

৮। পূর্ববর্তী চাকুরিরত প্রতিষ্ঠান হতে ছাড়পত্র/অনাপত্তি পত্র যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে।

৯। এই নিয়োগ শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য। প্রকল্প শেষে স্বয়ংক্রিয়ভাবে এ নিয়োগপত্র বাতিল হিসেবে গণ্য হবে।

১০। যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৯/০৬/২৬

(ফাতেমা বেগম)
জিএম (আইসিডব্লিউএস ও প্রশিক্ষণ), বিআরটিসি
এবং
উপ প্রোগ্রাম পরিচালক
BRTC- BRSP PIU

**অনুলিপি: সদয় অবগতির জন্য, (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১। প্রজেক্ট ডিরেক্টর (ACE, RHD), সড়ক ও জনপথ অধিদপ্তর, রুম নং- ২০৭, ব্লক-এ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮

২। পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ ও অতিরিক্ত প্রকল্প পরিচালক, বিআরটিএ অংশ, বাংলাদেশ রোড সেফটি প্রজেক্ট, ঢাকা

৩। BRTC-BRSP PIU এর সকল সদস্যগণ, বিআরটিসি

৪। ইউনিট প্রধান বিআরটিসি সকল প্রশিক্ষণ ইনস্টিটিউট/কেন্দ্র

৫। জনাব,.......................................................................................

৬। পিএসটু চেয়ারম্যান-বিআরটিসি। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য

৭। অফিস কপি/মাস্টার ফাইল।

জিএম (আইসিডব্লিউএস ও প্রশিক্ষণ), বিআরটিসি
এবং
উপ প্রোগ্রাম পরিচালক
BRTC- BRSP PIU

CamScanner